

নবনিযুক্ত ২০ জন শিক্ষকের ভবিষ্যৎ অনিশ্চিত

(নিজস্ব সংবাদদাতা)
গাইবান্ধা ১১ই ডিসেম্বর।—
সুন্দরগঞ্জ উপজেলার নবনিযুক্ত
২০ জন শিক্ষকের ভবিষ্যৎ এক
অনিশ্চিত অবস্থায় সম্মুখীন
হয়েছে।
প্রাথমিক শিক্ষা পরিদপ্তরের
মহা পরিচালকের নির্দেশ মোতা-
বেক গাইবান্ধা জেলায় ৬৩ জন

প্রাথমিক স্কুল শিক্ষকের শুভা পূর্ণ
পুরণের জন্য প্রাত্যহিক উপজেলার
হস্তারাতউ নেয়া হয়।
এরমধ্যে সুন্দরগঞ্জ উপজেলার
গত নবেম্বরের প্রথম সপ্তাহেই
হস্তারাতউয়ের পর ১৮ জন সহ-
কারী শিক্ষক শিক্ষিকা ও ২ জন
প্রধান শিক্ষককে নিয়োগপত্র দেয়া
হয়।

শিক্ষকরা নিজ নিজ কর্মস্থলে
যথারীতি যোগদানও করেন।
এরপর হঠাৎ করে গত
১১-১১-৮৬ ইং তারিখে মহা পরি-
চালক এক টোলগামে প্রত্যেক
উপজেলার শিক্ষক নিয়োগ স্বাগত
স্বাক্ষর নির্দেশ প্রদান করেন।
প্রথমে টোলগাম পরে চিঠির
মাধ্যমে এই সাকুলার পাঠানো
হয়।

গাইবান্ধা জেলার অন্যান্য উপ-
জেলায় নিয়োগপত্র দেয়ার ভ্রাম্যেই
এই সাকুলার আসার শিক্ষক
নিয়োগের সমস্যা দেখা দেয়নি।
কিন্তু সুন্দরগঞ্জ উপজেলায় উক্ত
সাকুলার পাওয়ার আগেই শিক্ষক
নিয়োগ হওয়ার এক জটিলতার
সৃষ্টি হয়েছে।

অন্যান্য শিক্ষকদের গত মাসের
বেতন যথারীতি হলেও এই নব
নিযুক্ত শিক্ষকদের বেতন স্বাগত
রাখা হয়েছে। এ ব্যাপারে প্রয়োজনীয়
নির্দেশ পাঠানোর জন্য স্থানীয়
শিক্ষা দফতর থেকে মহাপরিচাল-
কের দফতরে চিঠি পাঠিয়েও কোনো
জবাব মেলেনি।

এদিকে নবনিযুক্ত শিক্ষকদের
বেতন দেয়ার ব্যাপারে সুন্দরগঞ্জ
উপজেলা শিক্ষা অফিসারের উপর
চাপ সৃষ্টি হওয়ার তিনি গত
২ সপ্তাহ থেকে তার অফিসে
স্বাক্ষর বন্ধ করেছেন।